

আন্তঃশিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক কমিটি

অফিস : মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

স্মারক নং: ঢাবো/পনি/৭৯৭


তারিখ: ০৭/০৭/২০২৬ খ্রি.

বিষয়: এইচএসসি পরীক্ষা-২০২৬-এর প্রশ্নপত্র গ্রহণ, সংরক্ষণ, প্রেরণ ও বিতরণে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এইচএসসি পরীক্ষা-২০২৬ সুষ্ঠু, স্বচ্ছ ও প্রশ্নপত্রের সর্বোচ্চ গোপনীয়তা নিশ্চিত করার লক্ষ্যে কেন্দ্রে প্রশ্নপত্র গ্রহণ, সংরক্ষণ, পরীক্ষা কক্ষে প্রেরণ এবং পরীক্ষার্থীদের মধ্যে বিতরণের প্রতিটি ধাপে অত্যন্ত সতর্কতা অবলম্বন করতে হবে।

বিশেষভাবে লক্ষ্য রাখতে হবে, পরীক্ষার কক্ষে প্রয়োজনের অতিরিক্ত কোনো প্রশ্নপত্র দেওয়া যাবে না। প্রশ্নপত্র বিতরণ শেষে অব্যবহৃত প্রশ্নপত্র তাৎক্ষণিকভাবে নির্ধারিত পদ্ধতিতে নিরাপদে সংরক্ষণ করতে হবে এবং কোনো অবস্থাতেই প্রশ্নপত্র বা তার কোনো অংশ পরীক্ষা কক্ষের বাইরে নেয়া যাবে না।

এ বিষয়ে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, কক্ষ পরিদর্শক ও দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান এবং নির্দেশনাসমূহ কঠোরভাবে অনুসরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।


০৭/০৭/২৬
প্রফেসর জেসমিন তাসলিমা বানু

আহবায়ক

আন্তঃশিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক কমিটি

ও

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ০২-২২৩৩৬৯৮১৫

ভারপ্রাপ্ত কর্মকর্তা

এইচএসসি পরীক্ষা ২০২৬-এর সকল কেন্দ্রসমূহ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

১. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী/যশোর/কুমিল্লা/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/দিনাজপুর/ময়মনসিংহ/বাংলাদেশ মাদ্রাসা/কারিগরি শিক্ষা বোর্ড
(স্ব স্ব শিক্ষা বোর্ডের আওতাধীন সকল কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
২. জেলা প্রশাসক, সকল জেলা
৩. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫. উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা
৬. জেলা শিক্ষা কর্মকর্তা, সকল জেলা
৭. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৮. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৯. অফিস কপি।